



TRIPURA COMMISSION FOR WOMEN

Office: H. G. Basak Road, Melarmath, Agartala, Tripura (W), Pin: 799001
Telephone : 0381-232 2912 / Tele Fax : 0381-232 3355
e-mail: tripuracommissionforwomen@gmail.com

Ref. No. :

Date :

বিজ্ঞপ্তি

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে আগামী ০৫/০৫/২০২৩ ইং সকাল ১১ ঘটিকায় সিপাহীজলা জিলার বিশালগড় মহকুমা শাসকের কনফারেন্স হলে “মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ” সম্পর্কে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হতে চলেছে। এই সভায় উপস্থিত থাকবেন মহিলা কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী সহ কমিশনের অন্যান্য মাননীয় সদস্যগণ। এছাড়াও এই সভায় উপস্থিত থাকার জন্য মহিলা কমিশনের পক্ষ থেকে সাদর আমন্ত্রণ জানানো হয়েছে বিশালগড় ও কমলাসাগর বিধানসভা কেন্দ্রের সন্মানীয় বিধায়ক শ্রী সুশান্ত দেব এবং সন্মানীয় বিধায়িকা শ্রীমতী অন্তরা সরকার দেব মহোদয়াকে। পাশাপাশি আমন্ত্রিত রয়েছেন সিপাহীজলা জেলার মাননীয় সভাধিপতি, বিশালগড় মিউনিসিপাল কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান, বিশালগড় পঞ্চায়েত সমিতির মাননীয় চেয়ারপার্সন এবং সিপাহীজলা জিলার অন্তর্গত আরক্ষা দপ্তর, সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিকগণ সহ ঐ অঞ্চলের সমাজসেবী সংগঠনের প্রতিনিধিগণ ও সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ।

সকলের আন্তরিক সহযোগিতা মহিলা কমিশনের এই সচেতনতা সভাকে সাফল্যমন্ডিত করে তুলবে এবং মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে ঘটা অপরাধ প্রতিহত করতে একটি দৃঢ় এবং সদর্থক ভূমিকা নেবে বলে কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী আশাবাদী।